বন্যায় জনসাধারণের পালনীয়

বন্যার পূর্বে

বন্যার জন্য প্রস্তুত থাকতে হলে আপনার করণীয়

১. আপনার এলাকায় বন্যা প্রবণ স্থান চিহ্নিত করুন।

২. বন্যা প্রবণ স্থানে বাড়ি করবেন না, অথবা আপনার বাড়িকে উঁচু এবং মজবুত করতে হবে।

৩. যদি বন্যা প্রবণতাপূর্ণ ঙয় তাহলে চুল্লি, জলগরম করার চুল্লি এবং বৈদ্যুতিক প্যানেল উঁচু করুন।

৪. আপনার এলাকার বাড়িগুলিতে যাতে বন্যার জল প্রবেস করতে না পারে তার জন্য প্রতিবন্ধক (যেমন পাড়, বিম, প্লাবন বাঁধ) নির্মাণের কোন পরিকল্পনা গ্রহণ করেছে কিনা তা জানার জন্য ব্লক/পুর পরিষদের আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করুন।

বন্যার সময়

আপনার এলাকায় বন্যার সম্ভাবনা দেখা দিলে আপনার করণীয়

১. খবরের জন্য রেডিও শুনুন এবং টেলিভিশন দেখুন। আপনার এলাকার প্রাকৃতি দুর্যোগ ব্যবস্থাপক কমিটি/দলের সঙ্গে যোগাযোগ করুন।

২. ফ্ল্যাশ ফ্লাডিং সম্পর্কে সতর্ক থাকবেন। ফ্ল্যাশ ফ্লাডের সম্ভাবনা থাকলে তাড়াতাড়ি অপেক্ষাকৃত উঁচু জায়গায় চলে যাবেন। নির্দেশের অপেক্ষায় থাকবেন না।

৩. জলপ্রবাহ, নিষ্কাশন প্রণালী, গভীর গিরিখাত এবং অন্যান্য জায়গায় যেখানে হঠাৎ করে বন্যা হতে পারে, সেগুলি সম্পর্কে সতর্ক থাকবেন। এইসব জায়গায় বৃষ্টি মেঘ বা ভারী বর্ষণের মতো ফ্ল্যাশ ফ্লাড আগাম সতর্কতার আগেই আসতে পারে।

বন্যার পর

বন্যার পরিবর্ত সময়ের জন্য নির্দেশিকা নিম্নে দেওয়া হল

১. লোকালয়ের জল পান করার জন্য উপযুক্ত কিনা তা জানার জন্য খবর শুনুন।

২. বন্যার জল ব্যবহার করবেন না; বা তেল গ্যাসোলিন অথবা কাঁচা ময়লা জলের দ্বারা দূষিত হতে পারে। ভূ-গহ্বর বা পড়ে থাকা বিদ্যুৎ লাইনের দ্বারা জলে বিদ্যুৎ প্রবাহ সঞ্চারিত থাকতে পারে।

৩. অস্থির জল পরিহার করবেন।

৪. বিদ্যুতের পরিবাহী লাইন পড়ে থাকলে সতর্ক থাকবেন এবং বিদ্যুৎ দপ্তএ খবর পাঠাবেন।

৫. কর্তৃপক্ষ বিপদ মুক্ত বললেই বাড়িতে ফিরবেন।

৬. বাড়িতে প্রবেশের সময় সতর্কতা অবলম্বন করবেন। ভিতরে লোকায়িত কোন ধরনের ক্ষতি হয়ে থাকতে পারে বিশেষ করে ভিতের ক্ষতি হতে পারে।

৭. যে জায়গাগুলি ভিজে গিয়েছে সেগুলি ভাল করে মুছবেন এবং জীবাণু মুক্ত করবেন। বন্যার জলে আসা গাদাতে ময়লা জল বা রাসায়নিক দ্রব্য থাকতে পারে।

কিছু গুরুত্বপূর্ণ তথ্য, আপনি কি জানেন ?

টোল ফ্রি টেলিফোন নং

পুলিশ/ স্থানীয় থানা ঃ ১০০/.....

দমকল / স্থানীয় দমকল ঃ ১০১ / .....

এ্যাম্বুলেন্স / স্থানীয় পরিষেবা ঃ ১০২ / .....

জেলা শাসকের নিয়ন্ত্রণ কেন্দ্র ঃ ১০৭৭ / .....

রাজ্য নিয়ন্ত্রণ কেন্দ্র ঃ ১০৭০ ও ০৩৮১-২৪১৬০৪৫

রাজস্ব দপ্তর, ত্রিপুরা সরকার, পশ্চিম ত্রিপুরা, ত্রিপুরা সরকার জনস্বার্থে প্রচারিত, ফোন - ২৪১৬০৪৫
ও ক্যাক্সটন প্রিন্টার্স, আগরতলা (ফোন - ২৩০৭৫০০) থেকে মুদ্রিত।